



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার নং ডিএমডি- ০৬/২০১১

তারিখ : ২৬/১০/২০১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

মার্কেট ইনফ্রাস্ট্রাকচার (এমআই) মডিউলের মাধ্যমে ট্রেজারি বিল ও বন্ডের অনলাইন লেনদেন প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকে স্থাপিত মার্কেট ইনফ্রাস্ট্রাকচার (এমআই) মডিউলের মাধ্যমে ট্রেজারি বিল ও বন্ডের নিলাম, রেপো, ও সেকেন্ডারি মার্কেট লেনদেনের অনলাইন ব্যবস্থা আগামী ৩০ অক্টোবর, ২০১১ তারিখ থেকে চালু করা হবে।

২। এ ব্যবস্থায় প্রাইমারি ডিলারগুলো সরাসরি এবং নন-পিডি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো তাদের মনোনীত প্রাইমারি ডিলারের নাম উল্লেখপূর্বক অনলাইনে ট্রেজারি বিল ও বন্ডের নিলামে অংশগ্রহণ করতে পারবে। নতুন ব্যবস্থায় কেন্দ্রীয় ব্যাংকের সাথে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের রেপো, আন্তঃব্যাংক রেপো, পিডিদের তারল্য সুবিধা প্রদান এবং সিকিউরিটিজের সেকেন্ডারি ক্রয়-বিক্রয় কার্যক্রম অনলাইনে পরিচালিত হবে। অনলাইনে সরকারি সিকিউরিটিজের Buyback কার্যক্রম পরিচালনার ব্যবস্থাও এমআই মডিউলে অন্তর্ভুক্ত আছে। উক্ত মডিউলের বিভিন্ন অপারেশনাল ফিচার ব্যবহারের নিমিত্তে প্রস্তুতকৃত User Manual এর সফট কপি অত্র বিভাগ হতে সংগ্রহ করা যাবে।

৩। নবস্থাপিত এমআই মডিউলে ডিপোজিটরি সুবিধা বিদ্যমান। উক্ত ডিপোজিটরিতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ধারণকৃত ট্রেজারি বিল ও বন্ডের সর্বশেষ স্থিতি সংরক্ষিত হবে। নতুন ব্যবস্থায় ট্রেজারি বিল ও বন্ডের ISIN বাংলাদেশ ব্যাংক কর্তৃক বরাদ্দকৃত হবে বিধায় CDBL সিস্টেমে রক্ষিত বিল/বন্ডের স্থিতি আলোচ্য অনলাইন কার্যক্রম শুরুর পর ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ব্যবহারযোগ্য হবে না।

৪। নতুন কার্যক্রমের নিরবচ্ছিন্নতা পর্যবেক্ষণের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অনলাইন পদ্ধতির পাশাপাশি ট্রেজারি বিল/বন্ডের নিলাম, রেপো, পিডিদের তারল্য সুবিধা প্রদান ও সেকেন্ডারি ক্রয়-বিক্রয়ে অনুসৃত বর্তমান ম্যানুয়াল পদ্ধতিও অব্যাহত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৯৩৭